

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>
ইমেইল: onlinebris@lgd.gov.bd

জন্ম-মৃত্যু নিবন্ধনে থাকলে সচেতন
সহজ হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন।

স্মারক নং: স্বাসবি/ জমনিপ্র/ প্রপকা/বিআরআইএস-১১/২০১৪- ২১৯

তারিখ: ১৫-২-১৪২১
২৯-০৫-২০১৪

বিষয়: **জন্ম নিবন্ধন বহি চূড়ান্তকরণ প্রসঙ্গে।**

অবহিত করা যাচ্ছে যে, দেশের প্রায় অর্ধেক জন্ম নিবন্ধক কার্যালয় হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্য অনলাইনে অন্তর্ভুক্ত সম্পন্ন করেছে। এছাড়াও অপরাপর নিবন্ধক কার্যালয়ও তাদের অধিকাংশ হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্য অনলাইনে অন্তর্ভুক্তকরণ প্রায় সম্পন্ন করেছে। আগামী ৩০-০৬-২০১৪ এর ভিতরে সকল হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্য অনলাইনে অন্তর্ভুক্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশ রয়েছে।

অনলাইনে যে সকল বই-এ হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যসমূহ অন্তর্ভুক্ত করা শেষ হয়েছে, সে সকল বই চূড়ান্ত করতে গিয়ে লক্ষ্য করা গেছে অনেক বইয়েই সঠিকভাবে অর্থাৎ ১৭ অঙ্কে জন্ম নিবন্ধন নম্বর লেখা নেই। এই বইসমূহ চূড়ান্তকরণের পর জন্ম নিবন্ধন নম্বর ১৭ অঙ্কে রূপান্তর বা ফাঁকা থেকে যাওয়া পাতায় জন্ম নিবন্ধন তথ্য এন্ট্রি করা সম্ভব হবেনা।

এমতাবস্থায়, আগামী ৩০-০৬-২০১৪ এর মধ্যে সকল হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্য অনলাইনে অন্তর্ভুক্ত সম্পন্নকরণ ও অনলাইনকৃত রেজিষ্টারসমূহ চূড়ান্তকরণের লক্ষ্যে তাতে কোন ভুলত্রুটি থাকলে তা সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করা হল।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)।

☎ ৯৫৫৬৬০৬

📠 ৯৫৫২৩৮১

📞 ০১৭১৬ ২০৬৫৫৭

কার্যার্থে:

নিবন্ধক,

জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় (সকল)

জ্ঞাতার্থে :

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার (সকল)।
৩. পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর।
৪. প্রধান নিবাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)